

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৪০৫

১/ বিবিধ

আরবী

تسحروا ولوبشربة من ماء، وأفطروا ولوعلى شربة ماء
موضوع

رواه ابن عدي (96/1) عن أبي بكر بن أبي أويس عن حسين بن عبد الله عن أبيه عن
جده عن علي مرفوعا. وقال ابن عدي
"الحسين هذا ضعيف منكر الحديث، وضعفه بين علي حديثه
قلت: ولذلك كذبه جماعة من الأئمة كما تقدم في الحديث السابق
نعم، الجملة الأولى منه صحيحة، فقد روي من حديث أنس في "المختارة" للمقدسي
، وابن عمرو عند ابن حبان في "صحيحه" (884) ، وأبي سعيد الخدري عند أحمد
(3/12 و 44) ، وجابر عند ابن أبي شيبه (2/147/1) والطبراني في "الأوسط
(3911) ، وأبي أمامة عند الخلال في جزء من أدركهم من أصحاب ابن منده
(148/2) ، وابن عساكر عن عبد الله بن سراقه كما في "الجامع" ، وأسانيدھا
وإن كانت لا تخلو من ضعف فمجموعها يعطي لها قوة، لا سيما وإسنادها عند ابن
حبان حسن، والله أعلم

বাংলা

১৪০৫। এক চুমুক পানি দিয়ে হলেও তোমরা সাহী খাও এবং এক চুমুক পানি দিয়ে হলেও তোমরা ইফতার কর।

হাদীসটি বানোয়াট।

হাদীসটি ইবনু আদী (১/৯৬) আবু বাকর ইবনু উয়ায়েস হতে, তিনি হুসাইন ইবনু আদিল্লাহ হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা হতে, তিনি আলী (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ এ হুসাইন মুনকারুল হাদীস। তার দুর্বলতা সুস্পষ্ট।

আমি (আলবানী) বলছিঃ এ কারণেই তাকে একদল ইমাম মিথ্যুক আখ্যা দিয়েছেন যেমনটি পূর্বের হাদীসে উল্লেখ করা হয়েছে।

তবে হাঁ, হাদীসটির প্রথম বাক্যটি সহীহ হিসেবে নিমের বাক্যে বর্ণিত হয়েছেঃ

تسحروا ولو بجرعة من ماء

“তোমরা এক ঢোক পানি দিয়ে হলেও সাহরী খাও।”*

এটিকে ইবনু হিব্বান তার “সহীহ” গ্রন্থে (৮৮৪) আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে, মাকদেসী “আলমুখতারাহ” গ্রন্থে আনাস (রাঃ) হতে ও ইমাম আহমাদ আবু সাঈদ খুদরী (রাঃ) হতে, খাল্লাল “জুযউ মান আদরাকাহুম মিন আসহাবি ইবনু মানদাহ” গ্রন্থে আবু উমামাহ (রাঃ) হতে ও ইবনু আসাকির “আলজামি” গ্রন্থে আব্দুল্লাহ ইবনু সুরাকাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন। সনদগুলো যদিও দুর্বলতা হতে মুক্ত নয় তবুও সেগুলোকে একত্রিত করলে শক্তিশালী পর্যায়ে পৌঁছে যায়। ইবনু হিব্বানের নিকট হাদীসটির সনদ হাসান।

ফুটনোট

* উল্লেখ্য এ হাদীসটিকে শাইখ আলবানী সহীহ আখ্যা দিয়েছেন। দেখুন সহীহ তারগীব অততারহীব" (১০৭১) ও “সহীহ জামেইস সাগীর” (২৯৪৫)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72284>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন